



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৩১৩

তারিখ: ৪ আশ্বিন ১৪৩০

১৯ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলাসমূহ (রিট পিটিশন নং-৮৮০৪/২০২৩, ৯০২৮/২০২৩, ১৫২/২০২৩, ৮৮০২/২০২৩ এবং ৯০০২/২০২৩) পরিচালনা সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ বেতন গ্রেড বজায় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/এমপিওভুক্তি/সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক পূর্ণ বেতন ও অন্যান্য ভাতাসমূহ প্রদান/বেতন স্কেল ১৬০০০-৩৮৬৪০/- (পে স্কেল-২০১৫) অনুযায়ী গ্রেড-১০ এ উন্নীতকরণ/তদন্ত প্রতিবেদন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র.নং	মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	পরিচালনা কর্তৃপক্ষ
১	৮৮০৪/২০২৩	আত্মীকরণ বিধিমালা-২০১৮ এর ৯ নং ধারার কারণে শিক্ষকদের বেতন গ্রেড অবনমন হওয়ায় উক্ত ধারা সংশোধনকরতঃ প্রাপ্ত ৭ম গ্রেড বজায় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।	জনাব মো. ফরিদ আহমেদ, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), কানাইঘাট ডিগ্রী কলেজ (সম্প্রতি জাতীয়করণকৃত), কানাইঘাট, সিলেট এবং গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৮ (আট) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২	৯০২৮/২০২৩	ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন "হীরাডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়" এর অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর জনাব ম: সুরুজ মিয়া'র এমপিওভুক্তি সংক্রান্ত।	জনাব মো. সুরুজ মিয়া, পিতা: মো. হজুর আলী, মাতা: মোসাঃ রোকেয়া বেগম, গ্রাম: ছোটভাদরা দক্ষিণপাড়া, ডাক: কন্যাদহ-৭৩০০, থানা: হরিণাকুণ্ডু, জেলা: ঝিনাইদহ।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৯ (নয়) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৩	১৫২/২০২৩	জনাব মফিজুল ইসলাম ভূঁইয়া, প্রভাষক (হিসাববিজ্ঞান), গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজ, ফরিদগঞ্জ, চাঁদপুর-এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক পূর্ণ বেতন ও অন্যান্য ভাতাসমূহ প্রদান সংক্রান্ত।	জনাব মফিজুল ইসলাম ভূঁইয়া, প্রভাষক (হিসাববিজ্ঞান), গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজ, ফরিদগঞ্জ, চাঁদপুর	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ১০ (দশ) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৪	৮৮০২/২০২৩	সরকারি বিধি মোতাবেক ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ডিগ্রীধারী হিসেবে বেতন স্কেল ১৬০০০-৩৮৬৪০/-পে স্কেল-২০১৫ অনুযায়ী গ্রেড-১০ এ উন্নীতকরণ।	জনাব আবদুল্লাহ আল মামুন, কম্পিউটার ল্যাব অপারেটর, মিরপুর আদর্শ বিদ্যালয়, পল্লবী, ঢাকা।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগসহ মোট ০৫ (পাঁচ) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৫	৯০০২/২০২৩	জনাব মো. আবু ইসেন মন্ডল, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), কান্তনগর বিনয় ভূষণ বহুমুখী উচ্চ বিদ্যালয়, সাদুল্যাপুর, গাইবান্ধা-কে তদন্ত প্রতিবেদন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।	জনাব মো. আবু ইসেন মন্ডল, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), কান্তনগর বিনয় ভূষণ বহুমুখী উচ্চ বিদ্যালয়, সাদুল্যাপুর, গাইবান্ধা।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগসহ মোট ১০ (দশ) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলাসমূহ (রিট পিটিশন নং-৮৮০৪/২০২৩, ৯০২৮/২০২৩, ১৫২/২০২৩, ৮৮০২/২০২৩ এবং ৯০০২/২০২৩) সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাসমূহ ডাটাবেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১৯-৯-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।


ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৩১৩/১(৩)

তারিখ: ৪ আশ্বিন ১৪৩০  
১৯ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



১৯-৯-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব